

■ সুনান আত তিরমিজী (তাহকীকৃত)

হাদিস নাম্বারঃ ৩৭৫৮

৮৬/ রাসূলুল্লাহ ﷺ ও তার সাহাবীগণের মর্যাদা (كتاب المناقب عن رسول الله ﷺ)

পরিচ্ছেদঃ ২৯. আল-আকবাস ইবনু 'আবদুল মুত্তালিব (রায়ঃ)-এর মর্যাদা

আরবী

حَدَّثَنَا قَتِيْبَةُ، حَدَّثَنَا أَبُو عَوَانَةَ، عَنْ يَزِيدَ بْنِ أَبِي زِيَادٍ، عَنْ عَبْدِ اللَّهِ بْنِ الْحَارِثِ، حَدَّثَنِي
عَبْدُ الْمُطَّلِبِ بْنُ رَبِيعَةَ بْنِ الْحَارِثِ بْنِ عَبْدِ الْمُطَّلِبِ، أَنَّ الْعَبَّاسَ بْنَ عَبْدِ الْمُطَّلِبِ،
دَخَلَ عَلَى رَسُولِ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ مُغْضِبًا وَأَنَا عِنْدُهُ فَقَالَ "مَا أَغْضَبَكَ" .
قَالَ يَا رَسُولَ اللَّهِ مَا لَنَا وَلِقُرْيَشٍ إِذَا تَلَاقَوْا بَيْنَهُمْ تَلَاقَوْا بِوْجُوهٍ مُبْشَرَةٍ وَإِذَا لَقُونَا لَقُونَا
بِغَيْرِ ذَلِكَ . قَالَ فَفَضَبَ رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ حَتَّى احْمَرَ وَجْهُهُ ثُمَّ قَالَ "يَا
وَالَّذِي نَفْسِي بِيَدِهِ لَا يَدْخُلُ قَلْبَ رَجُلٍ إِيمَانٌ حَتَّى يُحِبُّكُمْ لِلَّهِ وَلِرَسُولِهِ" . ثُمَّ قَالَ "يَا
أَيُّهَا النَّاسُ مَنْ آذَى عَمِّي فَقَدْ آذَنِي فَإِنَّمَا عَمُ الرَّجُلِ صِنْوُ أَبِيهِ" . قَالَ هَذَا حَدِيثٌ
حَسَنٌ صَحِيحٌ .

বাংলা

৩৭৫৮। আবদুল মুত্তালিব ইবনু রবীআ ইবনুল হারিস ইবনু আবদুল মুত্তালিব (রহঃ) হতে বর্ণিত আছে, আল-আকবাস ইবনু আবদুল মুত্তালিব (রাঃ) রাগান্তিৎ অবস্থায় রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লামের নিকটে যান। তখন আমি তার নিকট উপস্থিত ছিলাম। তিনি প্রশ্ন করেনঃ কিসে আপনাকে রাগান্তিৎ করেছে? তিনি বলেন, হে আল্লাহর রাসূল! আমাদের সাথে কুরাইশদের কি হল? তারা নিজেরা যখন পরস্পর মিলিত হয় তখন উজ্জ্বল চেহারায় মিলিত হয়। কিন্তু তারা আমাদের (হাশিমীদের) সাথে এর বিপরীত অবস্থায় মিলিত হয়। রাবী বলেন, (এ বক্তব্য) রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম এতই রাগান্তিৎ হন যে, তার মুখ্যমণ্ডল রক্তিম রং ধারণ করে। তারপর তিনি বলেনঃ সেই মহান সন্তার শপথ, যার হাতে আমার জীবন! কোন ব্যক্তির অন্তরে ঈমান তুকতে পারে না, যাবত না সে আল্লাহ ও তার রাসূলের (সন্তান্তির) জন্য আপনাদেরকে ভালোবাসে। এরপর তিনি বলেনঃ হে লোকেরা! যে কেউ আমার চাচাকে দুঃখ দিল সে যেন আমাকেই দুঃখ দিল। কেননা কোন লোকের চাচা তার পিতার সমান।

“চাচা পিতৃস্থানীয়” অংশ ব্যতীত হাদীসটি যষ্টিফ, আর ঐ অংশটুকু সহীহ, মিশকাত (৬১৫৬), সহীহা ৮০৬

আবু ঈসা বলেনঃ এ হাদীসটি হাসান সহীহ।

English

Narrated 'Abdul-Muttalib bin Rabi'ah bin Al-Harith bin 'Abdul-Muttalib: "Al-'Abbas bin 'Abdul-Muttalib entered upon the Messenger of Allah (ﷺ) in a state of anger while I was with him, so he said: 'What has angered you?' He said: 'O Messenger of Allah, what is it with us and the Quraish, whenever they meet one another it is with glad faces, and when they meet us they meet us with other than that?'" He said: "So the Messenger of Allah (ﷺ) became angry, until his face reddened, then he said: 'By the One in Whose Hand is my soul! Faith does not enter a man's heart until he loves you for the sake of Allah, and for the sake of His Messenger.' Then he said: 'O people! Whoever harms my uncle, he has harmed me, for indeed, a man's uncle is not but the Sinw (two or three palm trees will come from a single root, so each is called a Sinw. A man's uncle is like that to his father. That is, he is like his father) of his father."

হাদিসের মান: সহিত/বঙ্গিক্রিয় [মিশ্রিত] পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হুসাইন আল-মাদানী □ বর্ণনাকারীঃ আব্দুল মুত্তালিব ইবন রবীআ (রহঃ)

🔗 Link — <https://www.hadithbd.com/hadith/link/?id=43807>

₹ হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন